

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.২৬৫.২০১৭- ১৬৬২


তারিখঃ ০২ আগস্ট ২০১৭
১৮ শ্রাবণ ১৪২৪

বিষয় : : রীট পিটিশন নং-৭৫৭৯/২০১৭, বাদী জনাব মিয়াধান মিয়া ওরফে ইধন মিয়া, পিতা- মৃত- দুলা মিয়া,
গ্রাম-পূর্ব চন্ডিপুর, থানা- দিরাই, জেলা- সুনামগঞ্জ -বনাম-সরকার ও অন্যান্য।

সুনামগঞ্জ জেলাধীন দিরাই পৌরসভা নির্বাচন-২০১৫ এর দিরাই পৌরসভার ১নং ওয়ার্ডের সাধারণ আসনের কাউন্সিলর পদের নির্বাচন সংক্রান্ত বিষয়ে নির্বাচনী ট্রাইবুনালে দায়েরকৃত নির্বাচনী ট্রাইবুনাল মামলা নং ০১/২০১৬ এ ১৭/১০/১৬ তারিখে প্রদত্ত ২২নং আদেশকে চ্যালেঞ্জ করে রীট পিটিশন নং-৭৫৭৯/২০১৭ দায়ের করা হয়েছে। মাননীয় আদালত উক্ত আদেশের কার্যকারিতা ০৩(তিন) মাসের জন্য স্থগিত করতঃ রুল ইস্যুপূর্বক সচিব মহোদয়সহ প্রতিপক্ষগণকে জবাব দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন। মাননীয় আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মাননীয় আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব
ফোন-৯৫৪০১৯৭

জেলা প্রশাসক
সুনামগঞ্জ।

অবগতি/ কার্যার্থে অনুলিপি :

- ১। উপসচিব (পৌর-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি/ মাস্টার কপি।